



ইরানের সঙ্গে পারমাণবিক সমঝোতা সম্ভব: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে পারমাণবিক সমঝোতায় পৌঁছানোর সম্ভাবনা ‘খুবই ভালো’ বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানান, আলোচনার সুযোগ তৈরি করতেই আপাতত ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান থেকে সরে এসেছে ওয়াশিংটন।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ কয়েকটি মিত্র দেশের নেতারা ট্রাম্পকে তেহরানের সঙ্গে কূটনৈতিক আলোচনা চালিয়ে যাওয়ার আহ্বান জানান। এর পরিপ্রেক্ষিতে সম্ভাব্য সামরিক হামলার পরিকল্পনা পিছিয়ে দেওয়া হয়।

এক অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে ট্রাম্প বলেন, সংঘাত ছাড়াই সমাধান সম্ভব হলে সেটিই হবে সবচেয়ে ভালো পথ। তবে আলোচনায় অগ্রগতি না এলে বড় ধরনের সামরিক পদক্ষেপ নিতেও যুক্তরাষ্ট্র প্রস্তুত রয়েছে বলে সতর্ক করেন তিনি।

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরাইলের যৌথ বিমান হামলার পর পাল্টা প্রতিক্রিয়ায় উপসাগরীয় অঞ্চলে মার্কিন ও ইসরাইলি লক্ষ্যবস্তুতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় তেহরান। পরে এপ্রিল মাসে পাকিস্তানের মধ্যস্থতায় দুই পক্ষ যুদ্ধবিরতিতে সম্মত হলেও উভেজনা পুরোপুরি কমেনি।

এদিকে আলোচনা বারবার অচলাবস্থায় পড়ায় নতুন করে হামলার আশঙ্কা তৈরি হয়েছে উপসাগরীয় অঞ্চলে। আরব দেশগুলো আশঙ্কা করছে, পরিস্থিতি আবারও সংঘাতে রূপ নিলে বিমানবন্দর, জ্বালানি স্থাপনা ও পানি বিশুদ্ধকরণ কেন্দ্রগুলো ইরানের হামলার লক্ষ্য হতে পারে।